# U.G. 5th Semester Examination - 2020

## BENGALI

**Course Code: BBNGGERT5**

**Course Title: আধুনিক বাংলা সাহিত্য পাঠ**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) ‘ভারততীর্থ’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

খ) ‘রাস্তা কারো একার নয়’ — কবিতাটির মূল কাব্যগ্রন্থের নাম লেখো।

গ) ‘সূর্য দেবে আড়ি/বিশ্ব ডুবে যাবে অন্ধকারে’ — কোন্ কবিতার অংশ?

ঘ) ‘পাখি সব করে রব’ — কবিতাংশটির মূল উৎস লেখো।

ঙ) ‘চতুর্থ পাণিপথের যুদ্ধ’ — গল্পের মূল চরিত্রের নাম কী?

চ) ‘যেমন চাষী তার তেমন বলদ, খড় জোটে না বলে কলা খাওয়া চাই’ — কার উক্তি?

ছ) ‘আদাব’ গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

জ) ‘একটি তুলসী গাছের কাহিনী’ গল্পে বামপন্থী কে ছিল?

ঝ) ‘কর্ণ-কুন্তী সংবাদ’ কত সালে রচিত হয়?

ঞ) ‘তবে চলে আয় বৎস, তবে চলে আয়।’ — কে বলেছে?

*[পরের পাতায়]*

ট) ‘মাতঃ দেহো পদধূলি’ — তার বিনিময়ে বক্তা কী দিতে চেয়েছেন?

ঠ) ‘মাতঃ করিয়ো না ভয়।’ এরপর বক্তা কী বলেছেন?

ড) বিগত মহাযুদ্ধে রাজা বায়েন বিদেশে কোথায় গিয়েছিল?

ঢ) প্রথম দিনের আসরে নিতাইয়ের প্রতিপক্ষ কে ছিল?

ণ) ‘সমস্ত কোল জুড়িয়া মন্দির, মন্দির আর ঘাট’ — কে, কোথায় দেখেছে?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ‘ভারততীর্থ’ কবিতায় ‘মহামানবের সাগরতীরে’ বলতে কবি কী বুঝিয়েছেন?

খ) ‘রাস্তা কারো একার নয়’ — ‘রাস্তা’ অর্থে কী বোঝানো হয়েছে?

গ) ‘আদাব’ শব্দের অর্থ কী? এটি কোন্ জাতীয় শব্দ?

ঘ) বলাইয়ের কাকিমা দুদিন জলগ্রহণ করেন নি কেন?

ঙ) ‘জননী গুণ্ঠন খোলো, দেখি তব মুখ।’ — কে, কাকে বলেছে?

চ) কুন্তীর কাছে কর্ণ নিজের পিতামাতার কী পরিচয় দিয়েছিল?

ছ) ‘প্রভুর সংসারে নীচ কেউ নেই বাবা।’ কে, কাকে বলেছে?

জ) ‘বসনের এই একটিমাত্র স্মৃতিচিহ্ন তাহার কাছে আছে।’ — ‘তাহার’ বলতে কার কথা বলা হয়েছে? ‘স্মৃতিচিহ্ন’ টি কী?

৩। যে-কোনো **দু’টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ‘ভারততীর্থ’ কবিতায় ভারতের যে অতীত কথা রয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

খ)	‘কর্ণ-কুন্তী সংবাদ’ অবলম্বনে কর্ণ চরিত্রটির স্বরূপ বিশ্লেষণ করো।

গ)	‘কবি’ উপন্যাস অবলম্বনে ঠাকুরঝি চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

৪।	যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও :	১০×১=১০

ক)	‘বর্ণমালা, আমার দুঃখিনী বর্ণমালা’ - কবিতায় মাতৃভাষার প্রতি গভীর অনুরাগ কীভাবে প্রকাশ পেয়েছে তা বুঝিয়ে দাও।

খ)	সমরেশ বসুর ‘আদাব’ একটি সাম্প্রদায়িক সম্প্রীতির গল্প — আলোচনা করো।

গ)	‘কবি’ উপন্যাসকে আঞ্চলিক উপন্যাস বলা যায় কিনা আলোচনা করো।

———